

১২ জুলাই ২০২১

প্রেস বিজ্ঞপ্তি

নারায়ণগঞ্জের রূপগঞ্জে সেজান জুস কারখানায় অগ্নিকাণ্ডে বহু শিশু শ্রমিকের হতাহতের ঘটনায় সুষ্ঠু তদন্ত, দায়ীদের বিচার ও ক্ষতিগ্রস্তদের জন্য পর্যাপ্ত ক্ষতিপূরণ দাবী করছে ‘শিশুর প্রতি শারীরিক ও মানসিক শান্তি নিরসন জোট’

করোনা ভাইরাস মহামারীতে সারা দেশে কঠোর লক ডাউন অবস্থায় গত ৮ই জুলাই নারায়ণগঞ্জের রূপগঞ্জে সেজান জুস কারখানায় অগ্নিকাণ্ডের ঘটনায় এ পর্যন্ত ৫২ জন শ্রমিক নিহত হয়েছেন, যার মধ্যে বেশীরভাগই শিশু শ্রমিক বলে গণমাধ্যম সূত্র থেকে জানা গেছে। অভিযোগ রয়েছে যে, অগ্নিকাণ্ডের সময় কারখানা কর্তৃপক্ষের বহির্গমন পথ বন্ধ ছিল এবং উদ্ধারকারীদের প্রবেশে বাধা দেয়া হয়েছিল। তাছাড়া প্রধান ফটকে তালাবদ্ধ করে কারখানা পরিচালনা করা, আগুন নেভানোর জন্য প্রয়োজনীয় ব্যবস্থা না থাকা, জরুরী সময়ে শ্রমিকদের বের হওয়ার জন্য বিকল্প পথ না থাকা, শিশু শ্রমিক নিয়োগ এবং কার্যকর ‘সেইফটি কমিটি’ না থাকারও অভিযোগ রয়েছে।

শিশুর প্রতি এ ধরণের নিষ্ঠুর ও অমানবিক আচরণে আমরা উদ্বেগ প্রকাশ করছি। পাশাপাশি সজীব গ্রুপের চেয়ারম্যান ‘অগ্নিকাণ্ডের দায় কি আমার’ শীর্ষক যে বক্তব্য দিয়েছেন আমরা তার তীব্র নিন্দা জানাচ্ছি। আমরা এই নিষ্ঠুর হত্যাকাণ্ডের সুষ্ঠু তদন্তের মাধ্যমে দায়ী সরকারী কর্মকর্তা ও বেসরকারী ব্যক্তিদের দ্রুত বিচার এবং শাস্তি দাবি করছি। পাশাপাশি আমরা ডিএনএ টেস্টের মাধ্যমে নিহত শ্রমিকদের সনাক্তকরণ, নিহত ও আহতসহ ক্ষতিগ্রস্ত শ্রমিকের পর্যাপ্ত ক্ষতিপূরণ প্রদান, আহতদের সুচিকিৎসার ব্যবস্থা গ্রহণসহ তাৎক্ষণিক আর্থিক সহায়তার দাবী জানাচ্ছি।

শিশু শ্রম আইন অনুযায়ী নিষিদ্ধ হলেও স্বাধীনতার এই ৫০ বছরে এসেও এর যথাযথ প্রয়োগ হচ্ছে না। তাছাড়া এই মহামারীতে দীর্ঘদিন শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকায় এবং অর্থনৈতিকভাবে অসচ্ছল পরিবারের শিশুরা বিভিন্নভাবে কাজে যোগ দিচ্ছেন। যা শ্রম আইনের ৩৪ ধারা এবং শিশু আইনের ৮০ ধারার সুস্পষ্ট লংঘন। লকডাউন অবস্থায় শ্রমিকের নিরাপদ কর্মক্ষেত্র ও সুরক্ষার প্রতি সংশ্লিষ্ট কর্তৃপক্ষের তদারকি বৃদ্ধি এবং বিদ্যমান আইনের যথাযথ প্রয়োগের জোর দাবী জানাচ্ছি।

বার্তা প্রেরক

অধ্যাপক কাজী ফারুক আহমেদ

মুখপাত্র, ‘শিশুর প্রতি শারীরিক ও মানসিক শান্তি নিরসন জোট’

মোবাইল নং: ০১৯২৯৫৮৪৫৪৮

ই-মেইল: principalqfahmed@yahoo.com